তারিখ ... 1 7-MAY-2005
পৃষ্ঠা ... ২
সংবাদ

নতুন পে-স্কেল ঘোষণা

● সর্বোচ্চ ২৩ হাজার: সর্বনিম্ন ২৪শ' টাকা ● বেসরকারী স্কুল কলেজ মাদ্রাসার শিক্ষক-কর্মচারীরা অন্তর্ভুক্ত

বিশেষ সংবাদদাতা ঃ সর্বোচ্চ ২৩ হাজার এবং সর্বনিম্ন ২৪শ' টাকা মাসিক বেতন নির্ধারণ করে নতুন জাতীয় বেতন-স্কেল ঘোষণা করা হয়েছে। ৮ লাখ ২৮ হাজার সরকারী কর্মকর্তা-কর্মচারী, সশস্ত্র বাহিনীর ১ লাখ ৪০ হাজার সদস্য এবং বেসরকারী স্কুল, কলেজ, মাদ্রাসায় এমপিওভুক্ত ৫ লাখ ৬০ হাজার শিক্ষক- এরা সবাই এই বর্ধিত বেতন সুবিধা পাবেন। তিন ধাপে প্রদত্ত এই বর্ধিত বেতনের জন্য মোট খরচ হবে ৩ হাজার ৯শ' ৭৫ কোটি টাকা। এর মধ্যে প্রথম ধাপের জন্য ৫শ' ৬৭ কোটি টাকা, দ্বিতীয় ধাপে ১ হাজার ৬শ' ৪৩ কোটি টাকা এবং তৃতীয় ধাপে ১ হাজার ৭শ' ৬৫ কোটি টাকা ব্যয় হবে। এই বেতন বৃদ্ধির ফলে মূল্যবৃদ্ধি ঘটবে না বলে সরকার নিশ্চিত। নতুন বেতন-স্কেলে ও ২০টি গ্রেডই থাকবে। বর্ধিত বেতনের গড় হার ৫৩ শতাংশ। গতকাল মন্ত্রিসভা বৈঠকে নতুন বেতন-স্কেল অনুমোদন করা হয়েছে। প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া সভায় সভাপতিত্ব করেন।

জাতীয় বেতন কমিশনের সুপারিশ পর্যালোচনায় গঠিত সচিব কমিটির রিপোর্টের ভিত্তিতে মন্ত্রিসভা নতুন বেতন-স্কেল অনুমোদন করে। সচিব কমিটি তাদের রিপোর্টে যে চারটি স্কেল সুপারিশ করেছিল তার মধ্যে সর্বনিম্নটি অনুমোদিত হয়েছে। মন্ত্রিপরিষদ সচিব ডঃ সা'দত হুসাইন গতকাল এক সাংবাদিক সম্মেলনে নতুন বেতন-স্কেলের সার্বিক বিষয় বর্ণনা দেন।

ডঃ সা'দত হুসাইন বলেন, চলতি বছরের ১ জানুয়ারী হতেই নতুন স্কেল কার্যকর করা হল। আগামী মাসের বেতনের সঙ্গেই বকেয়া বেতন পাওয়া যাবে। বর্ধিত বেতনের ৭৫ শতাংশ এই অর্থবছরে ও বাকী ২৫ শতাংশ আগামী অর্থবছর হতে প্রদান করা হবে। অন্যান্য ভাতাদি পরবর্তী অর্থবছরে প্রদান করা হবে। চলতি অর্থবছরের শেষ সীমায় ঘোষিত এ বেতন-স্কেলের পূর্ণ বেতন সুবিধা কার্যত দুই মাসের মধ্যেই পাওয়া যাবে। সচিব কমিটির কিছু রিজার্ভেশন থাকলেও সরকার এমপিওভুক্ত বেসরকারী কলেজ, স্কুল ও মাদ্রাসা শিক্ষকদের নতুন স্কেলে সুবিধা প্রদান করা হবে। এ প্রসঙ্গে মন্ত্রিপরিষদ সচিব বলেন, আসল কথা হল এমপিওভুক্ত সকল শিক্ষককে নতুন বেতন-স্কেলের সুবিধা প্রদানের বিষয়টি সরকার ঘোষণা দিয়েছেন। ডঃ সা'দত হুসাইন বলেন, নতুন বেতন স্কেলে পেনশনভোগী কর্মকর্তা-কর্মচারীদের ভাতা ২৫ শতাংশ বাড়ানো হয়েছে। অবসর প্রস্তুতি ছুটি (এপিআর) ভোগরত সরকারী কর্মকর্তা-কর্মচারীগণ আগে ৬ মাস পূর্ণ বেতন ও ৬ মাসে অর্ধ বেতন লাভ করতেন। এখন তারা পুরো এক বছরই পূর্ণ বেতন পাবেন। প্রথম শ্রেণীর সরকারী কর্মকর্তাগণ সবাই সিলেকশন গ্রেড পাবেন। দ্বিতীয় শ্রেণীর সরকারী কর্মকর্তাগণ টাইম স্কেলের পাশাপাশি ৫০ শতাংশ সিলেকশন গ্রেড পাবেন।

মন্ত্রিপরিষদ সচিব বলেন, সেনা সদস্যদের বিভিন্ন ভাতা ৩০ শতাংশ বাড়ানো হবে। পুলিশ, বিডিআর এবং আনসারের ক্ষেত্রেও

৮-এর পৃঃ ২-এর কঃ দেখুন

নতুন পে-স্কেল ঘোষণা

প্রথম পৃষ্ঠার পর

একই হারে বাড়ানো হবে। সরকারী কর্মচারীদের বিভিন্ন ভাতাও বাড়ানো হয়েছে। কর্মচারীদের বদলী ভাতা বাড়ানো হয়েছে। চিকিৎসা ভাতা ৪শ' টাকার স্থলে ৫শ' টাকা নির্ধারণ করা হয়েছে। কর্মচারীদের যাতায়াত ভাতা ৮০ টাকার স্থলে ১০০ টাকা করা হয়েছে। এছাড়া বাড়ী ভাড়া, ধোলাইভাতা, কার্যভার ভাতা, আপ্যায়ন ভাতা, পাহাড়ী ভাতা সবই বাড়ানো হয়েছে। তিনি জানান, একজন প্রথম শ্রেণীর সরকারী কর্মকর্তার এখন এটি লেভেলে মূল বেতন হবে ৬ হাজার ৮০০ টাকা। নতুন পে-স্কেলে তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মচারীদের জন্য বর্তমানের মত উচ্চতর স্কেল/টাইম স্কেলের সুবিধা অক্ষুণ্ণ থাকবে। দ্বিতীয় শ্রেণীর কর্মকর্তাদের জন্য ৫০ শতাংশে সিলেকশন গ্রেড প্রদানের নতুন ব্যবস্থা রাখা হয়েছে। বিসিএস ক্যাডারের ৬ষ্ঠ স্কেলভুক্ত সকল কর্মকর্তার সিলেকশন গ্রেড প্রদানের ব্যবস্থা রাখা হয়েছে। নতুন স্কেলে নতুন পদ্ধতিতে বেতন নির্ধারণীর ব্যবস্থা রাখা হয়েছে। ফলে বেতন নির্ধারণী পদ্ধতি সহজ ও জটিলতামুক্ত হবে। মন্ত্রী পরিষদ সচিব বলেন, সচিব কমিটির প্রায় সব সুপারিশই রাখা হয়েছে। তবে কর্মকর্তাদের গাড়ী বাবদ নগদায়নের প্রস্তাব আরও পরীক্ষা-নিরীক্ষার জন্য ফেরৎ পাঠানো হয়েছে। এক প্রশ্নের জবাবে তিনি বলেন, বিভিন্ন স্কেলের বৈষম্য দূরীকরণ সংক্রান্ত সুপারিশ আলোচনায়ই আসেনি। কারণ এ বিষয়ে বেতন বৈষম্য দূরীকরণ কমিটি রয়েছে- তারাই সিদ্ধান্ত নেবেন। বেতন কমিশনের সুপারিশে সাপ্তাহিক ছুটি ২ দিন নির্ধারণের প্রস্তাব করেছিল। এ প্রসঙ্গে ডঃ সাদত হুসাইন বলেন, প্রশাসনিক এসব বিষয় বেতন কমিশনের বিষয় নয়। প্রশাসনিক বিষয়গুলো সচিব কমিটিই বিবেচনা করেনি, কাজেই এসব প্রসঙ্গ মন্ত্রী সভায় আলোচনায়ই আসেনি। সরকারী-আধাসরকারী স্বায়ত্তশাসিত সংস্থার সবাই নতুন পে-স্কেলে সুবিধা পাবেন।

প্রসঙ্গ ঃ মুদ্রাস্ফীতি ঃ মূল্যবৃদ্ধি

নতুন জাতীয় পে-স্কেল ঘোষণায় মুদ্রাস্ফীতি বা মূল্যবৃদ্ধির বিষয়টি উড়িয়ে দিয়েছেন মন্ত্রী পরিষদ সচিব। তার মতে, এসব হল 'পপুলার মিসকনফেনশন'। ডঃ সাদত হুসাইন বলেন, বাংলাদেশের ইতিহাসে এ পর্যন্ত বেতন বাড়ানোর ফলে মুদ্রাস্ফীতি হয়নি। তিনি বলেন বরং ১৯৭৩ সালে যখন বেতন 'ফ্রীজ' করা হয়েছিল তখন ভয়াবহ মূল্যস্ফীতি দেখা দিয়েছিল। ডঃ সাদত হুসাইন বলেন, মুদ্রাস্ফীতির সঙ্গে বহু বিষয় জড়িত। যদি মুদ্রা সরবরাহের নিয়ন্ত্রণ থাকে তবে মুদ্রাস্ফীতি হয় না।

বেসরকারী স্কুল-কলেজ ও মাদ্রাসার শিক্ষক-কর্মচরীরা অন্তর্ভুক্ত

সরকারী কর্মকর্তা-কর্মচারী ও শিক্ষকদের ন্যায় দেশের এমপিওভুক্ত বেসরকারী স্কুল, কলেজ ও মাদ্রাসার ৫ লাখ ৬০ হাজার শিক্ষক-কর্মচারীও নতুন জাতীয় পে-স্কেলের সকল সুবিধা পাবেন। শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান বেসরকারী শিক্ষক-কর্মচারীদের জাতীয় পে-স্কেলে অন্তর্ভুক্তির পর থেকে সবক'টি বেতন কমিশন এ ধারা অব্যাহত রাখলেও ষষ্ঠ পে-স্কেলে অন্তর্ভুক্তির বিরুদ্ধে আমলাতন্ত্র ছিল সক্রিয়। এর ফলে দেশের সাড়ে ৪ লক্ষাধিক শিক্ষক-কর্মচারীদের মধ্যে শঙ্কা ছড়িয়ে পড়ে। কিন্তু প্রধানমন্ত্রী শিক্ষামন্ত্রী ও অর্থমন্ত্রী এ বিষয়ে অনড় অবস্থানে থাকায় অবশেষে আমলাতন্ত্র পিছু হটেছে। এ প্রসঙ্গে কেবিনেট সচিব ডঃ সাদত হুসাইন ৬ষ্ঠ জাতীয় পে-স্কেল অনুমোদনের পর সাংবাদিক সম্মেলনে সচিব কমিটির বিরোধিতার কথা স্বীকার করেন এবং বলেন, সরকার যেহেতু দিয়েছে সেহেতু এ নিয়ে আর কোন কথা নয়। অর্থমন্ত্রী এম সাইফুর রহমান অত্যন্ত দৃঢ়তার সাথে বলেন, অনেকে ভেবেছিল বেসরকারী শিক্ষক-কর্মচারীরা নতুন পে-স্কেল পাবে না-, কিন্তু আমরা দিয়ে দিয়েছি।

শিক্ষা মন্ত্রণালয় থেকে শিক্ষামন্ত্রী ডঃ এম ওসমান ফারুকের বরাত দিয়ে বলা হয়েছে, নতুন পে-স্কেলের সবচেয়ে বেশী লাভবান হবেন বেসরকারী শিক্ষক-কর্মচারীগণ। বলা হয়েছে, নতুন জাতীয় পে-স্কেলের অন্তর্ভুক্তির কারণে বেসরকারী শিক্ষক-কর্মচারীরা অতিরিক্ত ৭৫ শতাংশ বেশী বেতন পাবেন। প্রাথমিকভাবে যে তথ্য পাওয়া গেছে সে হিসেবে বেসরকারী স্কুল, কলেজ ও মাদ্রাসার এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীরা পূর্বের ন্যায় নতুন বেতন সেকেন্ডেরও ৯০ শতাংশ পাবেন সরকারী কোষাগার থেকে। একই হারে বাকী ১০ শতাংশ শিক্ষা প্রতিষ্ঠান থেকে গ্রহণ করতে পারবেন। উল্লেখ্য, সাবেক মন্ত্রী পরিষদ সচিব মুহিবুল হকের নেতৃত্বে গত বছরের জুলাই মাসে বেতন কমিশন গঠন করা হয়। এই কমিশন গত মার্চ মাসে তাদের রিপোর্ট পেশ করে। পরে সরকার গঠিত সচিব কমিটি বেতন কমিশনের রিপোর্ট পর্যালোচনা করে তাদের সুপারিশ প্রণয়ন করে। এ সুপারিশের ভিত্তিতেই মন্ত্রিসভা নতুন বেতন স্কেল অনুমোদন করে।

স্কেল	চলতি বেতন স্কেল	নতুন বেতন স্কেল
১।	টাকা ১৫০০০ (নির্ধারিত)	টাকা ২৩০০০ (নির্ধারিত)
২।	টাকা ১২১০০-৩৫০০X৪-১৪০০০	টাকা ১৯৩০০-৭০০X৪-২২১০০
৩।	টাকা ১১৭০০-৩০০X৬-১৩৫০০	টাকা ১৬৮০০-৬৫০X৬-২০৭০০
৪।	টাকা ১০৭০০-৩০০X৬-১৩১০০	টাকা ১৫০০০-৬০০X৬-১৯৮০০
৫।	টাকা ৯৫০০-২৬০X১০-১২১০০	টাকা ১৩৭৫০-৫৫০X১০-১৯২৫০
৬।	টাকা ৭২০০-২৬০X১৪-১০৮৪০	টাকা ১১০০০-৪৭৫X১৪-১৭৬৫০
৭।	টাকা ৬১৫০-২২৫X১৬-৯৭৫০	টাকা ৯০০০-৪০৫X১৬-১৫৪৮০
৮।	টাকা ৪৮০০-২১০X১৬-৬১৬০	টাকা ৭৪০০-৩৬৫X১৬-১৩২৪০
৯।	টাকা ৪৩০০-১৮৫X৭-৫৫৯৫-ইবি-১৯৫X১১-৭৭৪০	টাকা ৬৮০০-৩২৫X৭-৯০৭৫-ইবি-৩৬৫X১১-১৩০৯০
১০।	টাকা ৩৪০০-১৭০X৭-৪৫৯০-ইবি-১৮৫X১১-৬৬২৫	টাকা ৫১০০-২৮০X৭-৭০৬০-ইবি-৩০০X১১-১০৩৬০
১১।	টাকা ২৫৫০-১৫৫X৭-৩৬৩৫-ইবি-১৭০X১১-৫৫০৫	টাকা ৪১০০-২৫০X৭-৫৮৫০-ইবি-২৭০X১১-৮৮২০
১২।	টাকা ২৩৭৫-১৫০X৭-৩৪২৫-ইবি-১৫৫X১১-৫১৩০	টাকা ৩৭০০-২৩০X৭-৫৩১০-ইবি-২৫০X১১-৮০৬০
১৩।	টাকা ২২৫০-১৩৫X৭-৩১৯৫-ইবি-১৪০X১১-৪৭৩৫	টাকা ৩৫০০-২১০X৭-৪৯৭০-ইবি-২৩০X১১-৭৫০০
১৪।	টাকা ২১০০-১২০X৭-২৯৪০-ইবি-১২৫X১১-৪৩১৫	টাকা ৩৩০০-১৯০X৭-৪৬৩০-ইবি-২১০X১১-৬৯৪০
১৫।	টাকা ১৯৭৫-১০৫X৭-২৭১০-ইবি-১১০X১১-৩৯২০	টাকা ৩১০০-১৭০X৭-৪২৯০-ইবি-১৯০X১১-৬৩৮০
১৬।	টাকা ১৮৭৫-৯০X৭-২৫০৫-ইবি-১০০X১১-৩৬৩৫	টাকা ৩০০০-১৫০X৭-৪০৫০-ইবি-১৭০X১১-৫৯২০
১৭।	টাকা ১৭৫০-৮০X৭-২৩১০-ইবি-৯০X১১-৩৩০০	টাকা ২৮৫০-১৩০X৭-৩৭৬০-ইবি-১৫০X১১-৫৪১০
১৮।	টাকা ১৬২৫-৬৫X৭-২০৮০-ইবি-৭৫X১১-২৯০৫	টাকা ২৬০০-১২০X৭-৩৪৪০-ইবি-১০০X১১-৪৮৭০
১৯।	টাকা ১৫৬০-৬০X৭-১৯৮০-ইবি-৬৫X১১-২৬৯৫	টাকা ২৫০০-১১০X৭-৩২৭০-ইবি-১২০X১১-৪৫৯০
২০।	টাকা ১৫০০-৫০X১৮-২৪০০	টাকা ২৪০০-১০০X৭-৩১০০-ইবি-১১০X১১-৪৩১০

* মন্ত্রিপরিষদ সচিব/মুখ্য সচিবের বেতন ২৪,৫০০/- টাকা।